# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৯ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট    সৃজনশীল প্রশ্ন    পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶আসফা ব্যাংক লিমিটেড ঢাকার মতিঝিলে অবস্থিত। ব্যাংকটি এক ধরনের বাণিজ্যিক দলিল ইস্যু করে, যা আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে আস্থার সৃষ্টি করে। সম্প্রতি গ্রাহকদের সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংকটি লেনদেন সম্পাদনের জন্য কম্পিউটার প্রযুক্তি, অন-লাইন ব্যাংকিং ও এটিএম বুথসহ অপরাপর সুবিধা প্রচলন করায় দিন দিন গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।


ক. ইলেকট্রনিক ব্যাংকিং কী? ১

খ. ক্রেডিট কার্ড ডেবিট কার্ড অপেক্ষা উত্তম কেন? ২

গ. উদ্দীপকে কোন ধরনের বাণিজ্যিক দলিল ইস্যুর কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সঠিক স্থান নির্বাচনই আসফা ব্যাংকের সাফল্যের একমাত্র কারণ— তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

২.▶




চিত্র: বিনিময় হার নির্ধারণ পদ্ধতি

ক. প্রত্যয়পত্র কী? ১

খ. মেয়াদ পূর্তির পূর্বেই প্রাপ্য বিল বিক্রয় কার্যকে কী বলে? বুঝিয়ে লেখো। ২

গ. চিত্রে কোন পদ্ধতিতে বিনিময় হার নির্ধারিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পদ্ধতিতে বিনিময় হার নির্ধারনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৩.▶মিস্ লিয়া, বিক্রেতা মি. লিমনকে স্ট্যাম্পযুক্ত সাদা কাগজে লিখেন— 'প্রাপক পণ্য পাওয়া সাপেক্ষে তাকে অথবা আদেশ অনুসারে অদ্য হতে ১ মাস পরে ৫,০০,০০০ টাকা প্রদানে বাধ্য থাকবো।' মি. লিয়ন উক্ত দলিলটি বাট্টা করতে গেলে ব্যাংক তাতে রাজি হয়নি। অন্যদিকে মি: লিমন তার পাওনাদার কর্তৃক স্ট্যাম্পযুক্ত সাদা কাগজে ৩,০০,০০০ টাকার জন্য প্রস্তুতকৃত একটি দলিলে স্বীকৃতির স্থানে স্বাক্ষর করে পাওনাদারকে ফেরত দিলেন। পাওনাদার তার ব্যাংক থেকে দলিলটি বাট্টা করতে পেরেছেন।

ক. হস্তান্তরযোগ্য ঋণের দলিল কী? ১

খ. চেকের অনুমোদন বলতে কী বুঝায়? ২

গ. হস্তান্তরযোগ্য দলিলের কোন বৈশিষ্ট্যের অভাবে মি. লিমন তার প্রাপ্ত দলিলটি বাট্টা করতে পারেনি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পাওনাদার কর্তৃক প্রস্তুতকৃত দলিলটি অধিক আনুষ্ঠানিকতা সম্পন্ন হওয়া সত্ত্বেও তা বাট্টা করা গেছে— বিশ্লেষণ কর। ৪

৪. ▶ স্টার ব্যাংক লিমিটেড সমজাতীয় কতিপয় ব্যাংকের সাথে একীভূত হয়ে স্বাধীন সত্তা বজায় রেখে ব্যাংকিং কার্যাবলি পরিচালনা করে। এর ফলে গ্রাহক সেবার মান যেমন বৃদ্ধি পাচ্ছে, মুনাফাও কাঙ্ক্ষিত পর্যায়ে হচ্ছে। উক্ত ব্যাংকগুলোর নিয়ন্ত্রণকারী ব্যাংক, দেশে বন্যায় ফসলহানির কারণে কৃষিখাতে ঋণ দেয়ার জন্য তাদেরকে উপদেশ ও পরামর্শ দিয়ে উৎসাহিত করে।

ক. ব্যাংক কী? ১

খ. নিকাশঘর বলতে কী বুঝায়? ২

গ. স্টার ব্যাংকটি সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে নিয়ন্ত্রণাধীন ব্যাংকটির কর্মকান্ডে ঋণের নৈতিক প্ররোচনা নীতির প্রভাব পরিলক্ষিত হয়— যুক্তিসহ মতামত দাও। ৪

৫. ▶ মি. মঈনুল ব্র্যাক নামক একটি NGO তে চাকরি করেন। পূবালী ব্যাংকে উক্ত প্রতিষ্ঠানের নামে একটি হিসাব আছে। মি. মঈনুল প্রতিদিনের সংগৃহীত অর্থ উক্ত হিসাবে জমা করেন। কার্যদিবসে যতবার ইচ্ছা অর্থ উত্তোলন করতে পারেন। ব্যাংক আবার উক্ত হিসাবে সীমিত হারে সুদও প্রদান করে। পূবালী ব্যাংক আমানত থেকে ঋণ এবং ঋণ থেকে আমানত সৃষ্টি করতে পারে। অবশ্য আমানতের সবটুকু ব্যাংক ঋণ দিতে পারে না। SLR বলে একটি কথা আছে। যদি এটি ২০% হয়, তবে সে আলোকে হিসাব করলে ১০,০০০ টাকা প্রাথমিক আমানত সর্বোচ্চ কত টাকা পর্যন্ত আমানত সৃষ্টি করতে পারবে তা বের করা সম্ভব।

ক. বাণিজ্যিক ব্যাংকের তারল্য নীতি কী? ১

খ. গ্রাহককে জানতে বিশেষ বৈশিষ্ট্যমন্ডিত ফর্ম কোনটি? বুঝিয়ে লেখো। ২

গ. পূবালী ব্যাংকে ব্র্যাকের হিসাবটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. একটি আমানত সর্বোচ্চ কী পরিমাণ ঋণ আমানত সৃষ্টি করে তা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৬. ▶ এমভি-৫ জাহাজের মালিক ১ মার্চ, ২০১৫ তারিখ থেকে ৩১ মার্চ, ২০১৫ তারিখের মধ্যে মংলা থেকে সিডনি বন্দরে যাত্রাকালে সংঘর্ষজনিত ক্ষতির জন্য বিমা কেম্পানির সাথে বিমা চুক্তি করে। এমভি-৫ জাহাজটি সিডনি বন্দরের উদ্দেশ্যে যাত্রা শুরু করে ৩০-০৩-২০১৫ তারিখে সিডনি বন্দরের অদূরে সামুদ্রিক ঝড়ে আক্রান্ত হয়ে সমুদ্রে ডুবে যায়।

ক. পণ্য নিক্ষেপণ কী? ১

খ. নৌ-বিমায় অব্যক্ত শর্ত বলতে কী বুঝায়? ২

TeachingBD.com

গ. জাহাজ মালিকের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের নৌ বিমাপত্র? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর জাহাজের মালিক ক্ষতিপূরণ পাবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ সায়মন গার্মেন্টস এর মালিক সায়মন সাহেব গুদামে রক্ষিত ২ কোটি টাকার কাপড়ের জন্য একটি অগ্নিবিমা চুক্তি সম্পাদন করেন। শর্ত থাকে ক্ষতি হলে তিনি ২ কোটি টাকা ক্ষতিপূরণ পাবেন। উল্লিখিত কাপড়ের গুদামের সাথেই সাদ্দাম সাহেবের একটি দাহ্য পদার্থের গুদাম। কিন্তু সায়মন সাহেব উক্ত তথ্য বিমা কোম্পানিকে জানায়নি। কিছুদিন পর নিকটবর্তী দাহ্য পদার্থের গুদাম থেকে উদ্ভূত অগ্নিকান্ডে কাপড়েন গুদামটি সম্পূর্ণরূপে ভস্মীভূত হয়। সায়মন সাহেব বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবি করেন।

ক. অগ্নিবিমা কী? ১

খ. অগ্নিবিমায় নৈতিক ঝুঁকি বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের অগ্নিবিমাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর বিমা নীতি অনুযায়ী সায়মন সাহেব ক্ষতিপূরণ পাবেন? যুক্তিসহ মতামত দাও। ৪

৮. ▶ মি. আলিম ২ বছরের জন্য একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। কিন্তু মেয়াদ পূর্ণ হলেও বেঁচে থাকায় তিনি কোন বিমা দাবি পাননি। অন্যদিকে মি. আলিফ ১৮ বছরের জন্য একটি বিমা চুক্তি সম্পাদন করেন এবং ৭ বছর প্রিমিয়াম প্রদানের পর তিনি মারা যান। মি. আলিফের স্ত্রী বিমাদাবি করলে বিমা কোম্পানি তা পরিশোধ করে।

ক. প্রিমিয়াম কি? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২

গ. মি. আলিমের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের জীবন বিমাপত্র? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মি. আলিফের বিমাপত্রটি একই সাথে বিনিয়োগ ও আর্থিক সুরক্ষার সুযোগ দেয় কি-না? বিশ্লেষণ কর। ৪

৯. ▶ পরিবহন ব্যবসায়ী মি: অমল ঢাকা টু সিলেট রুটে চলাচলের জন্য একটি বাস ক্রয় করেন এবং দুর্ঘটনা জনিত ক্ষতি হতে সুরক্ষা পাওয়ার জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। একদিন ঢাকা থেকে সিলেট যাওয়ার পথে বাসটির সাথে বিপরীত দিক থেকে আসা অন্য একটি বাসের সংঘর্ষ হয়। এত বাসটি দুমড়ে মুচড়ে যায় এবং বহু যাত্রী হতাহত হয়। মি: অমল বিমা দাবি করলে বিমা কোম্পানি তা পূরণ করে। কিন্তু বাসের যাত্রীদের চিকিৎসা ও ক্ষতিপূরণ বাবদ অনেক ব্যয় করতে হয়। এতে অমলের ব্যাপক ক্ষতি হয়।

ক. স্বাস্থ্য বিমা কী? ১

খ. শস্য বিমা বলতে কী বুঝায়? ২

গ. মি: অমলের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের সম্পত্তি বিমা? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভবিষ্যতে অনুরূপ ক্ষতি এড়াতে মি: অমলের করণীয় সুপারিশ কর। ৪

teachingbd.com

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ২ ৯ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ইতালীয় Banco শব্দ কোন জার্মানি শব্দ থেকে এসেছে?
ক Banca খ Bancus
গ Banke ঘ Monte

২. বাংলাদেশে কৃষির উন্নয়নে নিয়োজিত সরকারি ব্যাংকিং প্রতিষ্ঠান কয়টি?
ক ১ খ ২ গ ৩ ঘ ৪

৩. কোন ব্যাংক দেশের কেন্দ্রস্থল থেকে শুরু করে প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত ছড়িয়ে পড়ে?
ক কেন্দ্রীয় ব্যাংক খ বিশেষায়িত ব্যাংক
গ কর্মসংস্থান ব্যাংক ঘ বাণিজ্যিক ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
লতা ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের অধীনে একটি নতুন ব্যাংক। এটি জনগণের অলস অর্থ আমানত রাখে ও অধিক হার সুদে ঋণ দেয়। এটি সুনাম বৃদ্ধির মাধ্যমে স্থায়ীভাবে ব্যাংক ব্যবসায় টিকে থাকতে চায়।

৪. লতা ব্যাংকের প্রধান উদ্দেশ্য কী?
ক আমানত গ্রহণ খ সুদ গ্রহণ
গ মুনাফা অর্জন ঘ ঋণ দেয়া

৫. লতা ব্যাংকটি তাদের সুনাম বৃদ্ধিতে কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করতে পারে?
i. নতুন শাখা প্রতিষ্ঠা
ii. আধুনিক সেবা প্রদান
iii. অধিক সার্ভিস চার্জ আদায় করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ ব্যাংক নির্দেশ দিয়েছে তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের প্রদত্ত ঋণের ৫% অবশ্যই কৃষি খাতে বরাদ্দ করতে হবে। ব্যাংকগুলো এ নিয়ে উৎসাহী না হলেও এটা না মেনে তাদের উপায় নেই।

৬. উদ্দীপকে উল্লেখিত নির্দেশনা কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির মধ্যে পড়ে?
ক ব্যাংক হার নীতি
খ ঋণের বরাদ্দকরণ নীতি
গ জামানতি ঋণের প্রান্তিক হার নীতি
ঘ প্রত্যক্ষ শাস্তিমূলক ব্যবস্থা

৭. ব্যাংকসমূহ কৃষি খাতে ঋণ দিতে উৎসাহী নয় বলে উদ্দীপকে উল্লেখ করা হয়েছে। এর মূল কারণ কী?
ক কৃষকদের জমি নেই
খ তারা জামানত দিতে সক্ষম
গ কৃষকরা ঋণের ব্যাপারে উৎসাহী নয়
ঘ কৃষকদের ঋণদান ও ঋণ আদায় কষ্টকর

৮. ব্যাংক জমাতিরিক্তের সুযোগ থাকে কোন হিসাবে?
ক স্থায়ী খ চলতি
গ সঞ্চয়ী ঘ ডিপিএস

৯. KYC এর পূর্ণরূপ কী?
ক Know your customer
খ Known your customer
গ Know your consumer
ঘ Known your consumer

১০. কোনটি ব্যাংক তহবিলের প্রধান উৎস?
ক অবচয় তহবিল খ ঋণগ্রহণ
গ আমানত ঘ বিনিয়োগ

১১. হস্তান্তরযোগ্য দলিল হিসাবে উল্লেখযোগ্য—
i. ব্যাংক নোট ii. ট্রেজারি বিল
iii. সরকারি নোট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১২. অঙ্গীকারপত্র কয়টি পক্ষ থাকে?
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

১৩. কোনটি সরকারি নোট?
ক ১ টাকা খ ১০ টাকা
গ ১০০ টাকা ঘ ১,০০০ টাকা

১৪. একটি চেকে টাকার পরিমাণ কয়বার লিখা হয়?
ক ১ খ ২ গ ৩ ঘ ৪

১৫. যে ব্যক্তি বিনিময় বিল লিখে তাকে বলে—
i. আদেষ্টা ii. আদিষ্ট
iii. প্রাপক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
বগুড়ার দধি ব্যবসায়ী জাকির মি. হাবিবকে ১০,০০০ টাকার একটি বাহক চেক প্রদান করে। স্বাক্ষর মিল না থাকায় ব্যাংক চেকের টাকা পরিশোধে অপারগতা জানায়।

১৬. মি. হাবিব চেকের টাকা পরিশোধ না করাকে ব্যাংকের ভাষায় কী বলে?
ক প্রত্যাখ্যান খ প্রত্যাহার
গ বাতিল ঘ প্রতারণা

১৭. মি. হাবিব কীভাবে চেকের টাকা উত্তোলন করতে সক্ষম হবেন?
i. পুন চেক নিয়ে
ii. ম্যানেজারকে অনুরোধ করে
iii. পুন স্বাক্ষর নিয়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. যেসব পণ্যের ঋণের ক্ষেত্রে মাসিক আয় বিবেচনা করা হয়—
ক ভোগ্য পণ্যের খ শিল্প পণ্যের
গ কৃষি পণ্যের ঘ সেবা পণ্যের

১৯. ব্যাংক যদি ঋণের টাকা ফেরত না পায় তাকে বলা হয়—
ক জমাতিরিক্ত ঋণ খ বন্ধকী ঋণ
গ খেলাপি ঋণ ঘ বরাদ্দকৃত ঋণ

২০. বিনিময় হার নির্ধারণ পদ্ধতি কয় প্রকার?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

http://teachingbd.com

২১. বৈদেশিক মুদ্রার যোগান বাড়লে চাহিদা—
ক বাড়ে খ কমে
গ স্থির থাকে ঘ বাড়ে বা কমে
২২. ডাকযোগে মুদ্রা প্রেরণের আধুনিক সংস্করণ হলো—
ক ভ্রমণকারীর চেক খ নগদ প্রত্যয়পত্র
গ গ্যারান্টি মেইল ঘ নগদ কাগজী মুদ্রা
২৩. বাংলাদেশের মুদ্রার মান বাড়ানোর উপায় হলো—
i. বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি
ii. বৈদেশিক ঋণ গ্রহণ
iii. আমদানি অপেক্ষা রপ্তানি বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
২৪. PIN শব্দের পূর্ণ শব্দরূপ কী?
ক Private Indentification Number
খ Pubic Indentification Number
গ Personal Indentification Number
ঘ Personnel Indentification Number
২৫. সর্বপ্রথম বাংলাদেশের কোন ব্যাংক মোবাইল ব্যাংকিং ব্যবস্থা চালু করে?
ক এবি ব্যাংক খ ডাচ-বাংলা ব্যাংক
গ জনতা ব্যাংক ঘ সিটি ব্যাংক
২৬. কিসের ভিত্তিতে বিমাযোগ্য স্বার্থ সৃষ্টি হয়?
ক অর্থের ভিত্তিতে খ সুনামের ভিত্তিতে
গ মালিকানার ভিত্তিতে ঘ সম্পর্কের ভিত্তিতে
২৭. বিমা ব্যবসায়ের গোড়াপত্তন হয় কোন দেশে?
ক ইংল্যান্ড খ ইতালী
গ যুক্তরাষ্ট্র ঘ গ্রীস
২৮. বিমা ব্যবসায়ের মূলনীতি হলো—
i. পরম বিশ্বাসের নীতি
ii. বিমাযোগ্য স্বার্থের নীতি
iii. স্থলাভিষিক্তের নীতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
২৯. জীবন বিমা কোন ধরনের চুক্তি?
ক ঝুঁকি বণ্টনের চুক্তি খ ক্ষতিপূরণের চুক্তি
গ নিশ্চয়তার চুক্তি ঘ জীবন রক্ষার চুক্তি

**উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাশেদ তার জীবনের জন্য X কোম্পানির কাছ থেকে ২৫,০০,০০০ টাকা এবং Y কোম্পানির কাছ থেকে ৩০,০০,০০০ টাকার জীবন বিমাপত্র গ্রহণ করেন।
৩০. উদ্দীপকে মি. রাশেদ কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছে?
ক যৌথ বিমা খ পুন বিমা
গ দ্বৈত বিমা ঘ গোষ্ঠী বিমা
৩১. মি. রাশেদের উক্ত বিমা করার উদ্দেশ্য হলো—
i. ঝুঁকি বণ্টন
ii. ক্ষতিপূরণের অধিক নিশ্চয়তা লাভ
iii. সম্পর্কের উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii
৩২. প্রাকৃতিক নৌ বিপদের মধ্যে পড়ে—
i. সামুদ্রিক ঝড়
ii. নিমজ্জিত পাহাড়ের সাথে ধাক্কা
iii. পণ্য নিক্ষেপণ
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রবি জাপান হতে গাড়ি আমদানি করেন। এক লাখ টাকা প্রিমিয়াম পরিশোধ করে নির্দিষ্ট সমুদ্র পথে পরিবাহিত গাড়ির এক কোটি টাকা পর্যন্ত ক্ষতিপূরণের শর্তে একটি বিমা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হলেন। সামুদ্রিক ঝড়ে ৮০ লক্ষ টাকার পণ্য তার ক্ষতিগ্রস্ত হয়।
৩৩. উদ্দীপকে মি. রবির গৃহীত বিমা পত্রটি কোন ধরনের নৌ বিমা?
ক মিশ্র খ ছাউনি
গ নির্দিষ্ট ঘ বিশেষ
৩৪. সামুদ্রিক ঝড়ে সংঘটিত ক্ষতির কী পরিমাণ বিমা কোম্পানি মি. রবিকে পরিশোধ করবে?
ক এক লক্ষ টাকা খ ১ কোটি টাকা
গ ৮০ লক্ষ টাকা ঘ ১ কোটি টাকার বেশি
৩৫. আধুনিক অগ্নিবিমার জনক কে?
ক টমাস নিকোলে খ ম্যাকরবিনশন
গ নিকোলাস বারবন ঘ নিকোলাস রবার্ট
৩৬. অগ্নি বিমার শ্রেণিবিভাগ হলো—
i. মূল্যায়িত বিমাপত্র
ii. অমূল্যায়িত বিমাপত্র
iii. গড় বিমাপত্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
৩৭. ব্যক্তিগত দুর্ঘটনা বিমা সাধারণত কত সময়ের জন্য করা হয়?
ক ৬ মাস খ ৮ মাস
গ ১ বছর ঘ ২ বছর
৩৮. শস্য বিমার প্রাকৃতিক বিপদসমূহ হলো—
i. ভূমিকম্প ii. চুরি
iii. বন্যা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
৩৯. কোন ব্যক্তির প্রয়াস ইংল্যান্ডে বিমা ব্যবসায়ের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে?
ক H.L. Cockrell খ P. M. Sandvill
গ H. R. David ঘ Edword lioyed
৪০. কোন বিমা সঞ্চয় সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে?
ক অগ্নি বিমা খ নৌ বিমা
গ জীবন বিমা ঘ শস্য বিমা

Teachingbd.com